গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
প্রাপ্ত নং ২৪৫৫৪
তারিখ ৯/৯/২৬
পেশ/নথিজাত করুন।
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(ব্যবসা-বাণিজ্য শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০১৮.০৫.০০৭.২৬৫৫০

তারিখ : ২৪ ভাদ্র, ১৪৩৩
০৫ সেপ্টেম্বর, ২০২৬

"বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬-এর ধারা ৫ অনুযায়ী কোনো হোটেল বা রেস্তোরাঁর লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্যূন তিন মাস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। এ প্রেক্ষিতে, বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ অনুযায়ী ২০২৬ সালের জন্য হোটেল ও রেস্তোরাঁর লাইসেন্স নবায়নের আবেদন নির্ধারিত ফরমে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নির্ধারিত ফি অর্থনৈতিক কোড-১৪২২১০৩ এবং প্রাতিষ্ঠানিক কোড-১৫৩০১০১, ভ্যাট কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ এবং আয়কর/উৎসে কর কোড নং-১১১১১০১-এ ই-চালানের মাধ্যমে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, দিনাজপুর কর্পোরেট শাখায় জমা প্রদানপূর্বক চালানের মূলকপি, বিগত বছরের আয়কর প্রত্যয়নপত্র ও সিভিল সার্জন বা সরকার অনুমোদিত কোন মেডিক্যাল কলেজ হাসপাতালের কোন চিকিৎসক কর্তৃক হোটেল কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যগত সনদপত্রসহ লাইসেন্স এ কার্যালয়ে দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্স গ্রহীতাগণকে অনুরোধ করা যাচ্ছে। এছাড়া যে সকল হোটেল ও রেস্তোরাঁ লাইসেন্স ব্যতীত অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছে সেসকল প্রতিষ্ঠানকে লাইসেন্স গ্রহণের আবেদন করার জন্যও অনুরোধ করা হলো। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫/০৯/২০২৬
(মোঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক
দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৬৫০০১
dcdinajpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
www.fulbari.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.১৬.০০৩.২৬- ১১২৯ (৯)

তারিখ- ২৬ ভাদ্র ১৪৩৩
১০ সেপ্টেম্বর ২০২৬

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

১। প্রশাসক, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
২। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান.........................(সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
৩। সভাপতি/সাঃ সম্পাদক, হোটেল ও রেস্টুরেন্ট ব্যবসায়ী সমিতি, ফুলবাড়ী, দিনাজপুর।

তাকে পত্রের মর্মানুযায়ী হোটেল ও রেস্তোরাঁর লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০/০৯/২৬
(আহমেদ হাছান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

CamScanner